



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.২২৪.২২-৬০১


তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ইউনিয়ন পরিষদ কর্মচারীদের ইউপি অংশের বেতন-ভাতা উপজেলা রাজস্ব তহবিলে জমাকৃত হাট-বাজারের ইজারালব্ধ আয়ের ৪১% হতে পরিশোধের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট এর স্মারক নং-৬৭১, তারিখ: ২৮/০৬/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ২০২২-২৩ অর্থ বছরে ০৬ জন ইউপি সচিবের ইউপি অংশের ২৫% বেতন-ভাতা বাবদ ৭,৪৪,২৬৬/- (সাত লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত ছেষট্টি) টাকা ও ০৬ জন হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরের বেতন-ভাতা বাবদ ৪,২০,৬৯০/- (চার লক্ষ বিশ হাজার ছয়শত নব্বই) টাকা এবং ব্যাংক চার্জসহ মোট ১১,৬৫,০০০/- (এগার লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমাকৃত হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ হতে পরিশোধের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অনুমতি চাওয়া হয়েছে।

০২। এমতাবস্থায়, জৈন্তাপুর উপজেলার ইউনিয়ন পরিষদ কর্মচারীদের ইউপি অংশের বেতন-ভাতা উপজেলা রাজস্ব তহবিলে জমাকৃত হাট-বাজারের ইজারালব্ধ আয়ের ৪১% হতে পরিশোধের অনুমোদনের বিষয়টি বিবেচনার সুবিধার্থে হাট-বাজার ইজারালব্ধ আয়ের পরিমাণ কত তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব

ফোন: ২২৩৩৫৭২৩০

e-mail: [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।

২। উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট।

অনুলিপি:

১। জেলা প্রশাসক, সিলেট।

২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।